ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুহাম্মদ মাজেদুল হক<br>পরিচালক |
| সভার তারিখ | : | ১৫ মার্চ, ২০২২ |
| সভার সময় | : | বিকাল ৩.০০ মিনিট |
| স্থান | : | এমআরএ সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-"ক" |

**সভার আলোচ্য বিষয়সমূহ:**

১। ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
২। বিবিধ।

সভার শুরুতে ইনোভেশন অফিসার জনাব মুহাম্মদ মাজেদুল হক উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদেরকে শুভেচ্ছা জানান। অতঃপর ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকতা আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| কার্যক্রম/আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে উদ্ভাবনী ধারণা হিসেবে "**MRA যোগাযোগ**" এপ্লিকেশনটিকে চূড়ান্ত করা হয়েছে এবং আগামী ২৭/০২/২০২২ তারিখে এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারী করা হয়েছে। | ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা |
| [১.২] সেবা সহজিকরণ | [১.২.১] একটি সেবা সহজিকরনের বিষয়ে আলোচনা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা সহজিকরণ বিষয়ক আইডিয়া/ ধারণা হিসেবে "MRA e-Message System" এপ্লিকেশনটিকে নির্বাচিত করা হয়েছে। গত ১৬/০২/২০২২ তারিখে এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারী করা হয়েছে। | ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা |
| [১.৩] সেবা ডিজিটালাইজেশন | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটালাইজকৃত | "E-Clipping" এপ্লিকেশনটিকে একটি নতুন সেবা ডিজিটালাইজ হিসেবে নির্বাচিত করা হয়। | ইনোভেশন টিম ও সিআইবি এন্ড আইসিটি বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | ইতোঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত একটি পর্যালোচনা সভা গত ১০ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ সকাল ১১:০০ মিনিটে অথরিটির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। | ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা |
| [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৪.১] ৮০% নথি ইনথিতেই- নিস্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়। | শতভাগ নথি ই-নথিতে নিষ্পন্ন করার লক্ষ্যে সকল নথি ই-নথিতে উপস্থাপন করার জন্য সকল শাখাকে অনুরোধ করা হয়েছে। | সিআইবি এন্ড আইসিটি বিভাগ |
| [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [১.৬.১] ০৪টি সভা/কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ৩টি অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজিত হয়েছে। ৪র্থ সভা/কর্মশালা এপ্রিল, ২০২২ মাসের মধ্যে আয়োজনের বিষয়ে মানবসম্পদ শাখাকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা |
| [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স বছরে ৪ বার হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য বাতায়নে সকল সেবা বক্স ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিআইবি এন্ড আইসিটি বিভাগ |
| | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে নিয়মিতভাবে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্লানিং এন্ড রিসার্চ শাখা ও সিআইবি প্রোগ্রাম শাখা |
| [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | ইতোমধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৯/১১/২০২১ তারিখে ২য় প্রশিক্ষণ আয়োজন করা হয়। মার্চ ২০২২ এর মধ্যে ৩য় প্রশিক্ষণ আয়োজনের জন্য মানবসম্পদ শাখাকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা |
| | [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ৮০% অর্থ ব্যয় করতে হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী উদ্ভাবন খাতে (কোড নম্বর-3257105) ৬ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এর মধ্যে নূন্যতম ৮০% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ইনোভেশন সংক্রান্ত সকল ব্যয় কোড নম্বর-3257105-হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা |
| | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বছরে ৪টি সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভা ১৫/০৩/২০২২ তারিখে আয়োজিত হয় এবং ৪র্থ সভা এপ্রিল ২০২২ এর মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |

| | | | |
|---|---|---|---|
| | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৩/০১/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে/ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১০/০১/২০২২ তারিখের মধ্যে প্রস্তুত করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং এই ধারাবাহিকতা বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ ৩০/০৫/ ২০২২ তারিখের মধ্যে সরোজমিনে পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী এপ্রিল/মে ২০২২ এর মধ্যে যশোর/ সিলেট হাইটেক পার্ক ভ্রমণ অথবা পার্শ্ববর্তী দেশ ভুটান/ভারতে ইনোভেশন বিষয়ে পরিদর্শন আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইনোভেশন টিম |

২। ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার যে সকল সূচক এখনো অর্জন করা হয়নি সেসকল বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখা প্রধানদের কার্যক্রম গ্রহণ করা এবং অগ্রগতি প্রতিবেদন ইনোভেশন টিমের নিকট দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মপরিকল্পনার সকল সূচক অর্জনে সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হয় ।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

১৫/০৩/২০২২

মুহাম্মদ মাজেদুল হক
পরিচালক

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০০৭.৩১.০০১.২২.৩

তারিখ: ০১ চৈত্র ১৪২৮
১৫ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সকল সদস্য ইনোভেশন কমিটি

১৫.০৩.২২

চন্দন কুমার দাস
সিস্টেম এনালিস্ট